

২০২১

বাংলা — সাম্মানিক

প্রথম সেমেস্টার

পত্র : CC-1

(বাংলা সাহিত্যের ইতিহাস : ১৮০০ খ্রিস্টাব্দ পর্যন্ত)

পূর্ণমান — ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) 'চর্যাপদ'-এর আবিষ্কার্তা, প্রকাশকাল ও প্রকাশনা সংস্থার নাম উল্লেখ করো। চর্যাপদের সাহিত্যমূল্য বিচার করো। ৩+৭
অথবা,
(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের রচনাকাল ও বিষয়বস্তুর সংক্ষিপ্ত পরিচয় দিয়ে বাংলা সাহিত্যের ইতিহাসে কাব্যটির অভিনবত্ব আলোচনা করো। ১০
- ২। (ক) বাংলা রামায়ণের শ্রেষ্ঠ অনুবাদকের আবির্ভাবকাল ও পরিচয় সংক্ষেপে নির্দেশ করে তাঁর কাব্যের বিশিষ্টতা সম্পর্কে আলোচনা করো। ১০
অথবা,
(খ) বৈষ্ণব পদকর্তা হিসেবে চণ্ডীদাসের কৃতিত্ব বিচার করো। ১০
- ৩। (ক) 'চণ্ডীমঙ্গল' কাব্যের শ্রেষ্ঠ কবি কে? তাঁর শ্রেষ্ঠত্বের কারণগুলি নির্দেশ করো। ১০
অথবা,
(খ) কবি আলাওলের সাহিত্য রচনার সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০
- ৪। (ক) তুর্কি আক্রমণের পরবর্তীকালে গৌড়বঙ্গের সামাজিক অবস্থা বিষয়ে আলোচনা করো। ৫
অথবা,
(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' গ্রন্থটির নাম নিয়ে যে বিতর্ক আছে, সংক্ষেপে তার পরিচয় দাও। ৫
- ৫। (ক) কাশীদাসী মহাভারতের জনপ্রিয়তার কারণগুলি বিশ্লেষণ করো। ৫
অথবা,
(খ) 'শ্রীচৈতন্যচরিতামৃত' গ্রন্থের ঐতিহাসিক গুরুত্ব সংক্ষেপে আলোচনা করো। ৫

Please Turn Over

৬। (ক) মঙ্গলকাব্যের সাধারণ বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।

৫

অথবা,

(খ) সাধক কবি রামপ্রসাদের কবিপ্রতিভার সংক্ষিপ্ত পরিচয় দাও।

৫

৭। যে-কোনো একটি বিষয়ে টীকা লেখো।

৫

(ক) বাংলা সাহিত্যের যুগবিভাগ

(খ) গোবিন্দদাস

(গ) লোরচন্দ্রাণী

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

(ক) চর্যাপদের টীকাকারের নাম কী?

(খ) বাংলা সাহিত্যের ইতিহাসে ত্রয়োদশ ও চতুর্দশ শতককে কী নামে অভিহিত করা হয়?

(গ) চর্যাপদে মোট কতজন কবির কবিতা রয়েছে?

(ঘ) চর্যায় ব্যবহৃত প্রধান ছন্দরীতিটির নাম লেখো।

(ঙ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে ক-টি চরিত্র আছে?

(চ) কাশীরাম দাস কোন সময় আবির্ভূত হয়েছিলেন?

(ছ) বিদ্যাপতি কোথাকার অধিবাসী ছিলেন?

(জ) 'পরাগলী মহাভারত' কার লেখা?

(ঝ) চৈতন্যলীলার ব্যাস কাকে বলা হয়?

(ঞ) চৈতন্যচরিত গ্রন্থসমূহের মধ্যে প্রাচীনতম গ্রন্থ কোনটি?

(ট) প্রাচীনতম মঙ্গলকাব্য কোনটি?

(ঠ) চণ্ডীমঙ্গল কাব্যের একটি প্রধান নারীচরিত্রের নাম লেখো।

(ড) 'ধর্মমঙ্গল' কাব্যের শ্রেষ্ঠ কবি কে?

(ঢ) 'অন্নদামঙ্গল' কাব্য কার ইচ্ছায় রচিত হয়েছিল?

(ণ) 'কালীকীর্তন'-এর রচয়িতা কে?